# ই-অগ্রণী দর্পণ

৫ম বর্ষ। ৩য় সংখ্যা। জুলাই-সেপ্টেম্বর ২০২৩



অগ্রণী ব্যাংক পিএলসি.

Agrani Bank PLC.

Committed to serve the nation

www.agranibank.org

ই-অগ্রণী দর্পণ
অগ্রণী ব্যাংক লিমিটেড এর ত্রৈমাসিক ই-বুক প্রকাশনা

অগ্রণী ব্যাংক পিএলসি.
Agrani Bank PLC.
Committed to serve the nation

## পরিচালনা পর্ষদ

### চেয়ারম্যান

ড. জায়েদ বখ্‌ত

### পরিচালক

বিশ্বজিৎ ভট্টাচার্য খোকন, এনডিসি

মফিজ উদ্দীন আহমেদ

কাশেম হুমায়ূন

কেএমএন মঞ্জুরুল হক লাবলু

খোন্দকার ফজলে রশিদ

তানজিনা ইসমাইল

মো.শাহাদাৎ হোসেন, এফসিএ

মোহাম্মদ মাসুদ রানা চৌধুরী

### ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও

মো. মুরশেদুল কবীর

### প্রধান উপদেষ্টা

মো. মুরশেদুল কবীর
ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও

### উপদেষ্টা

উপব্যবস্থাপনা পরিচালক
ওয়াহিদা বেগম    মো. আনোয়ারুল ইসলাম
শ্যামল কৃষ্ণ সাহা

### সার্বিক তত্ত্বাবধানে

মহাব্যবস্থাপকগণ

| | |
|---|---|
| এনামুল মাওলা | একেএম শামীম রেজা |
| শামিম উদ্দিন আহমেদ | হোসাইন ঈমান আকন্দ |
| মো. শামছুল আলম | বাহারে আলম |
| একেএম ফজলুল হক | মো. আমিনুল হক |
| মো.আবুল বাশার | মো. নুরুল হুদা |
| মোহাম্মদ ফজলুল করিম | আবু হাসান তালুকদার |
| মো. আতিকুর রহমান সিদ্দিকী | মো. আফজাল হোসেন |
| স্বপন কুমার ধর | সুধীর রঞ্জন বিশ্বাস |
| শাহীনূর সুলতানা | মো. হুমায়ুন কবির |
| মো: সামিউল হুদা | মোহাম্মদ দীদারুল ইসলাম |

মো. শাহিনুর রহমান

### সম্পাদকীয় পরামর্শক

রুবানা পারভীন
মহাব্যবস্থাপক
পাবলিক রিলেশনস ডিভিশন

### সম্পাদক

শাহনাজ চৌধুরী
উপমহাব্যবস্থাপক
পাবলিক রিলেশনস ডিভিশন

### সহকারী সম্পাদক

প্রিন্সিপাল অফিসার
মোহাম্মদ শাকির হোসেন খান
মো. মাহমুদুল হক

### গ্রাফিক্স ডিজাইনার

ফারহানা সুলতানা
সিনিয়র অফিসার

**প্রকাশনায়:** স্পেশাল স্টাডি সেল (পাবলিক রিলেশনস ডিভিশন) অগ্রণী ব্যাংক লিমিটেড
আলামিন সেন্টার (ফ্লোর ১৩) ২৫/এ দিলকুশা, ঢাকা ১০০০
ফোন ৮৮০২-৯৫১৫২৮৫ ইমেইল ssc@agranibank.org
www.eagranidarpon.org

## সূচিপত্র

অগ্রণী পরিক্রমা

০৪
জাতীয় শোক দিবস : বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি
অগ্রণী ব্যাংক লিমিটেডের নতুন নাম অগ্রণী ব্যাংক পিএলসি

০৫
রপ্তানিকারকদের সম্মাননা
শেখ কামালের জন্মবার্ষিকী পালন

০৬
বঙ্গমাতার জন্মবার্ষিকী উপলক্ষে দোয়া মাহফিল

০৭
১৫ আগস্ট জাতীয় শোক দিবস ও ২১ আগস্ট গ্রেনেড হামলায় নিহতদের স্মরণে আলোচনা সভা
২১ আগস্ট গ্রেনেড হামলায় নিহতদের স্মরণে দোয়া মাহফিল

০৮
ঋণ খেলাপি শেখ খাজাউদ্দিন গ্রেফতার
ঋণ খেলাপি মিসেস হোসনে আরা আলম গ্রেফতার
ঋণ খেলাপি আসিক ইবনে আলম গ্রেফতার
অগ্রণী ইক্যুইটি এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেডের চেয়ারম্যান মো. মুরশেদুল কবীর

০৯
টেকসই আর্থিক প্রতিষ্ঠানের স্বীকৃতি পেল অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানী লিমিটেড
শোকাবহ আগস্টের শেষ কর্মদিবসে দোয়া মাহফিল

১০
চুক্তি
জাতীয় পেনশন কর্তৃপক্ষের সঙ্গে সমঝোতা চুক্তি
শাখা উদ্বোধন
মেহেরপুরে কোমরপুর শাখা উদ্বোধন

১১
সভা ও সম্মেলন
চট্টগ্রাম সার্কেলে ঋণ আদায় বিষয়ক সভা
খুলনা সার্কেলে ঋণ আদায় বিষয়ক সভা

১২
পরিচালনা পর্ষদের সঙ্গে সিনিয়র ম্যানেজমেন্ট টিমের সভা
ক্রেডিট অপারেশন ও ক্রেডিট ম্যানেজমেন্ট বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি

ট্রেনিং ও কর্মশালা

১৩
সাইবার নিরাপত্তা ঝুঁকি এবং করণীয় বিষয়ক কর্মশালা
সিআইবি রিপোর্টিং বিষয়ক কর্মশালা

১৪
সিআইবি রিপোর্টিং বিষয়ক কর্মশালা
ইন্টিগ্রেটেড সুপারভিশন সিস্টেম বিষয়ক কর্মশালা

১৫
৫ দিনব্যাপি প্রশিক্ষণ কর্মশালা
'ডেভেলপমেন্ট অব লিডারশিপ কোয়ালিটি অব ব্রাঞ্চ ম্যানেজমেন্ট' শীর্ষ প্রশিক্ষণ কর্মশালায় প্রশিক্ষণার্থীদের সনদপত্র প্রদান

১৬
পুরস্কার
এপিএ চুক্তি বাস্তবায়নে অগ্রণী ব্যাংকের দ্বিতীয় স্থান অর্জন
পদোন্নতি
উপমহাব্যবস্থাপক পদে ৪ জনের পদোন্নতি
সহকারী মহাব্যবস্থাপক পদে ৬ জনের পদোন্নতি
সহকারী মহাব্যবস্থাপক পদে ৬ জনের পদোন্নতি ও পদায়ন

১৭
শোকসংবাদ
চলে গেলেন যারা
শোকবার্তা

১৮
কবিতা
চন্দ্র - সূর্য: মোহাম্মদ আবুল কাশেম
"আমার আমি": মো. জিয়া উদ্দিন

১৯
ফটো গ্যালারী
Honoring the exporters-2022 অনুষ্ঠান

## সম্পাদকীয়

বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাত বার্ষিকী ১৫ আগস্ট জাতীয় শোক দিবসে পুরো বাঙালি জাতি আজও শোকাহত। দেশের প্রতিষ্ঠার ৫২ বছর পার হলেও আমরা এই শোকের দাগ মোচন করতে পারি নাই এব পারবোও না। জাতি আগস্ট মাসের পুরোটাই শোকের মাস হিসেবে পালন করেছে অগ্রণী ব্যাংকও এর ব্যতিক্রম নয়।

রাশিয়া ইউক্রেন যুদ্ধ, বৈশ্বিক মুদ্রাস্ফীতি ইত্যাদি নানা কারণে পুরো বিশ্বের অর্থনীতি যখন টালমাটাল তখনও দেশের অর্থনীতি বলিষ্ঠভাবে দাঁড়িয়ে আছে। এই সকল কিছুই সম্ভব হয়েছে জাতির পিতার দিকদর্শন অনুসরণ করার মাধ্যেমে।

তথ্যপ্রযুক্তির এই যুগে অগ্রণী ব্যাংকের প্রযুক্তি খাতে ক্রমন্নয়নের ধারা অব্যাহত আছে। ডিজিটাল ব্যাংকিংয়ে অগ্রণীর স্মার্ট ব্যাংকিং অ্যাপে বিকাশ, নগদ হিসাবে অর্থ স্থানান্তর, মোবাইল রিচার্জ ইত্যাদি ফিচার যুক্ত করা হয়েছে। হিসাব বিহীন গ্রাহকের অর্থ স্থানান্তরের বিষয়টি ব্যাংকিং চ্যানেলে করার উদ্যোগ নেয়া হয়েছে এবং খুব শীঘ্রই চালু করা হবে বলে আশা করা যাচ্ছে। ব্যাংকের সেবা মান উন্নতির লক্ষ্যে নতুন কর্মকর্তাদের নিয়োগের প্রক্রিয়া চূড়ান্ত পর্যায়ে রয়েছে। অগ্রণী ব্যাংকের বোর্ডরুমে গত ৬ জুলাই ২০২৩ তারিখে অনুষ্ঠিত বিশেষ সাধারণ সভায় পরিচালনা পরিষদ অগ্রণী ব্যাংক লিমিটেড এর নাম পরিবর্তন করে অগ্রণী ব্যাংক পিএলসি. হিসেবে অনুমোদন করে যা বাংলাদেশ ব্যাংক হতে অনুমোদনের পর থেকে কার্যকর হবে। আগামী প্রজন্মকে অগ্রণী ব্যাংকে স্বাগত জানাচ্ছি।

# জাতীয় শোক দিবস

## বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি



জাতীয় শোক দিবসে ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে অগ্রণী ব্যাংক কর্তৃপক্ষের পুস্পস্তবক অর্পন

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবসে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেছে অগ্রণী ব্যাংক। ১৫ আগস্ট ২০২৩ সকালে অগ্রণী ব্যাংকের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ড. জায়েদ বখ্‌ত ও ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীরের নেতৃত্বে ধানমন্ডি ৩২ নম্বরের ঐতিহাসিক স্মৃতিবিজড়িত বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সামনে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করা হয়। এসময় অগ্রণী ব্যাংকের পরিচালক বিশ্বজিৎ ভট্টাচার্য খোকন, এনডিসি, মফিজ উদ্দীন আহমেদ, কাশেম হুমায়ূন, খোন্দকার ফজলে রশিদ, তানজিনা ইসমাইল ও মো. শাহাদাৎ হোসেন, এফসিএ, উপব্যবস্থাপনা পরিচালক ওয়াহিদা বেগম, মো. আনোয়ারুল ইসলাম, শ্যামল কৃষ্ণ সাহা ও রেজিনা পারভীন, মহাব্যবস্থাপকগণ, উর্ধ্বতন নির্বাহীগণ, বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দসহ কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন। পরে ওয়েবিনারের মাধ্যমে 'বঙ্গবন্ধুর জীবন ও কর্ম' শীর্ষক এক শোকসভার আয়োজন করা হয়। সভায় ব্যাংকের চেয়ারম্যান, পরিচালকগণ, ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও, সর্বস্তরের নির্বাহী, কর্মকর্তা-কর্মচারী ও বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ অংশ নেন।

এছাড়া বাদ যোহর দোয়া মাহফিল, তোরণ নির্মাণ, প্রধান কার্যালয়ে বঙ্গবন্ধুর ওপর প্রামাণ্য চিত্র প্রদর্শন, সকল সার্কেল, অঞ্চল ও শাখায় শোক দিবসের কর্মসূচি গ্রহণ করা হয়।

## অগ্রণী ব্যাংক লিমিটেডের নতুন নাম অগ্রণী ব্যাংক পিএলসি

রাষ্ট্রায়ত্ত অগ্রণী ব্যাংক লিমিটেডের নাম পরিবর্তন করা হয়েছে। এখন থেকে ব্যাংকটির নাম হবে অগ্রণী ব্যাংক পিএলসি। ৬ জুলাই ২০২৩ ব্যাংকের প্রধান কার্যালয়ের বোর্ড রুমে অনুষ্ঠিত তৃতীয় বিশেষ সাধারণ সভায় (ইজিএম) নাম পরিবর্তন করে অগ্রণী ব্যাংক লিমিটেডকে অগ্রণী ব্যাংক পিএলসি হিসেবে অনুমোদন প্রদান করা হয়েছে। ফলে এখন থেকে অগ্রণী ব্যাংক পিএলসি নামে কার্যক্রম শুরু করবে। সভায় পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ড. জায়েদ বখ্‌ত, সরকারের প্রতিনিধি ও অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব ড. নাহিদ হোসেন, পরিচালনা পর্ষদের পরিচালক বিশ্বজিৎ ভট্টাচার্য খোকন এনডিসি, মফিজ উদ্দীন আহমেদ, কাশেম হুমায়ূন, কেএমএন মঞ্জুরুল হক লাবলু, খোন্দকার ফজলে রশিদ,




প্রধান কার্যালয়ের বোর্ড রুমে অনুষ্ঠিত তৃতীয় বিশেষ সাধারণ সভার একাংশ

তানজিনা ইসমাইল, মো. শাহাদাৎ হোসেন, এফসিএ এবং মোহাম্মদ মাসুদ রানা চৌধুরী, ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর, বাংলাদেশ ব্যাংকের পর্যবেক্ষক এবং নির্বাহী পরিচালক মো. জাকির হোসেন চৌধুরী, অগ্রণী ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক ওয়াহিদা বেগম, মো. আনোয়ারুল ইসলাম, শ্যামল কৃষ্ণ সাহা ও রেজিনা পারভীন, কোম্পানী সচিব এস এম তাওহীদে রব্বানী উপস্থিত ছিলেন।

সংশোধিত কোম্পানী আইন ২০২০-এ সীমিতদায় কোম্পানী শনাক্তকরণ সংক্রান্ত ১১(ক) ধারা নতুন করে যুক্ত করা হয়েছে। নতুন ধারায় সীমিতদায় পাবলিক কোম্পানীর ক্ষেত্রে নামের শেষে পাবলিক সীমিতদায় কোম্পানী বা পিএলসি লেখা বাধ্যতামূলক করা হয়েছে।

## রপ্তানিকারকদের সম্মাননা




রপ্তানিকারকদের সম্মাননা প্রদানকালে অগ্রণী ব্যাংকের পরিচালনা পর্ষদ

দেশের জন্য বৈদেশিক মুদ্রা আহরণ ও রপ্তানি খাতে অনন্য অবদানের স্বীকৃতি স্বরূপ স্বনামধন্য রপ্তানিকারকদের সম্মাননা দিয়েছে অগ্রণী ব্যাংক। ১০ জুলাই ২০২৩ সন্ধ্যায় হোটেল ইন্টারকন্টিনেন্টালে অগ্রণী ব্যাংক আয়োজিত এক অনুষ্ঠানে রপ্তানিকারকদের সম্মাননা-২০২২ প্রদান করা হয়। অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীরের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ড. জায়েদ বখ্‌ত। অনুষ্ঠানে ২০২২ সালে এ ব্যাংকের শীর্ষ ৬৪ জন রপ্তানিকারককে সম্মাননা ও ক্রেস্ট প্রদান করা হয়। প্রধান অতিথির বক্তব্যে অগ্রণী ব্যাংকের চেয়ারম্যান ড. জায়েদ বখ্‌ত বলেন, অর্থনৈতিক উন্নয়নের অপর নাম হচ্ছে শিল্পায়ন এবং সেই শিল্পায়নের স্বার্থে অগ্রণী ব্যাংক শিল্পখাতে বিভিন্ন প্রকল্পে প্রকল্প অর্থায়ন করে এই ক্ষেত্রে বড় অবদান রেখে চলেছে।

ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর বলেন, রপ্তানি আয়বৃদ্ধির মাধ্যমে বৈদেশিক মুদ্রার রিজার্ভ বাড়ানোসহ দেশের উন্নয়ন, অগ্রযাত্রা ও অর্থনীতির প্রবৃদ্ধিকে আরো গতিশীল করার লক্ষ্যে এ সম্মাননা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

উক্ত অনুষ্ঠানে ব্যাংকের পাবলিক রিলেশনস ডিভিশনের কর্মকর্তা মো. মাহমুদুল হক, পিও এবং মোহাম্মদ শাকির হোসেন, পিও এর তত্ত্বাবধানে অগ্রণী ব্যাংকের উপর প্রায় ১২ মিনিটের এক ডকুমেন্টরী তৈরীপূর্বক প্রজেক্টরে প্রদর্শন করা হয়।

অনুষ্ঠানে অগ্রণী ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক বিশ্বজিৎ ভট্টাচার্য খোকন এনডিসি, মফিজ উদ্দীন আহমেদ, কাশেম হুমায়ুন, তানজিনা ইসমাইল, উপব্যবস্থাপনা পরিচালক ওয়াহিদা বেগম, মো. আনোয়ারুল ইসলাম, শ্যামল কৃষ্ণ সাহা ও রেজিনা পারভীনসহ, রপ্তানিকারকগণ, উর্ধ্বতন নির্বাহী, কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে ব্যাংকের কর্মকতাদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

## শেখ কামালের জন্মবার্ষিকী পালিত

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠপুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৪তম জন্মবার্ষিকী পালন করেছে অগ্রণী ব্যাংক। ৫ আগস্ট ২০২৩ ঢাকার ধানমন্ডিস্থ আবাহনী মাঠে শেখ কামালের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন অগ্রণী ব্যাংকের পরিচালক বিশ্বজিৎ ভট্টাচার্য খোকন এনডিসি, মফিজ উদ্দীন আহমেদ, কাশেম হুমায়ূন, কে এম এন মঞ্জুরুল হক লাবলু, তানজিনা ইসমাইল




শেখ কামালের জন্মবার্ষিকীতে শ্রদ্ধা নিবেদনকালে অগ্রণী ব্যাংক কর্তৃপক্ষ

ও মোহাম্মদ মাসুদ রানা চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর। শ্রদ্ধা নিবেদন শেষে অগ্রণী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউটে ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীরের সভাপতিত্বে এক আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। এসময় পরিচালকবৃন্দ, উপব্যবস্থাপনা পরিচালক ওয়াহিদা বেগম, মো. আনোয়ারুল ইসলাম, শ্যামল কৃষ্ণ সাহা ও রেজিনা পারভীন, মহাব্যবস্থাপকগণ, উর্ধ্বতন নির্বাহীগণ, অঞ্চল ও কর্পোরেট শাখা প্রধানগণ, বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়াও ঢাকার বাইরে ব্যাংকের বিভিন্ন শাখা ও কার্যালয় স্থানীয় প্রশাসনের সঙ্গে সামঞ্জস্য রেখে কর্মসূচিতে অংশ নেন।

## বঙ্গমাতার জন্মবার্ষিকী উপলক্ষে দোয়া মাহফিল




বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিবের জন্মবার্ষিকী উপলক্ষে প্রধান কার্যালয়ের
নামাজ ঘরে অনুষ্ঠিত দোয়া মাহফিলের একাংশ

বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিবের ৯৩তম জন্মবার্ষিকী উপলক্ষে অগ্রণী ব্যাংকে মিলাদ ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। ৮ আগস্ট ২০২৩ বাদ যোহর ব্যাংকের প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় নামাজ ঘরে অনুষ্ঠিত মিলাদ ও দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর, উপব্যবস্থাপনা পরিচালক মো. আনোয়ারুল ইসলাম, মহাব্যবস্থাপক এনামুল মাওলা, শামিম উদ্দীন আহমেদ ও মোহাম্মদ ফজলুল করিম, উর্ধ্বতন নির্বাহীগণ, বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

এসময় অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিবের বিভিন্ন গুণাবলীর কথা তুলে ধরার পাশাপাশি বঙ্গবন্ধুসহ ১৫ আগস্টে নিহত শহীদদের রুহের মাগফেরাত কামনা করেন।

## ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ও ২১ আগস্ট গ্রেনেড হামলায় নিহতদের স্মরণে আলোচনা সভা



জাতীয় শোক দিবস ও ২১ আগস্ট গ্রেনেড হামলায় নিহতদের স্মরণে অগ্রণী ব্যাংকের প্রধান শাখায় অনুষ্ঠিত আলোচনা সভায় আলোচকবৃন্দ

অগ্রণী ব্যাংক কর্মচারী সংসদের (সিবিএ) উদ্যোগে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ও ২১ আগস্ট গ্রেনেড হামলায় নিহতদের স্মরণে অগ্রণী ব্যাংকে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। ২১ আগস্ট ২০২৩ বিকেলে অগ্রণী ব্যাংকের প্রধান শাখায় অনুষ্ঠিত এই সভায় প্রধান অতিথি ছিলেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ান এমপি। আলোচনা সভায় বক্তব্য রাখেন অগ্রণী ব্যাংকের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ড. জায়েদ বখ্ত, পরিচালকবৃন্দ, ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর।

অগ্রণী ব্যাংকের সিবিএ সভাপতি খন্দকার নজরুল ইসলামের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক আবদুল হালিমের সঞ্চালনায় আলোচনা সভায় জাতীয় শ্রমিক লীগের সভাপতি নূর কুতুব আলম মান্নান, কার্যকরী সভাপতি মো. আলাউদ্দিন মিয়া, অগ্রণী ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালকবৃন্দ, মহাব্যবস্থাপকগণ, উর্ধ্বতন নির্বাহী, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ও বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

## ২১ আগস্ট গ্রেনেড হামলায় নিহতদের স্মরণে দোয়া মাহফিল

২১ আগস্ট গ্রেনেড হামলায় নিহতদের আত্মার মাগফিরাত কামনায় অগ্রণী ব্যাংকে মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। ২১ আগস্ট ২০২৩ বাদ যোহর ব্যাংকের প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় নামাজ ঘরে অনুষ্ঠিত এ দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর। এসময় মহাব্যবস্থাপক (ক্রেডিট) মো. শামছুল আলম, উপমহাব্যবস্থাপক (এইচআর) মো. মনিবুর রহমানসহ উর্ধ্বতন নির্বাহীগণ, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত থেকে দোয়ায় অংশ নেন।




প্রধান কার্যালয়ের নামাজ ঘরে অনুষ্ঠিত দোয়া মাহফিলের একাংশ

## ঋণ খেলাপি শেখ খাজাউদ্দিন গ্রেফতার

খেলাপি ঋণ আদায়ে কঠোর আইনি পদক্ষেপ নিচ্ছে রাষ্ট্রায়ত্ত অগ্রণী ব্যাংক। সম্প্রতি ঢাকার বঙ্গবন্ধু এভিনিউ কর্পোরেট শাখার খেলাপি ঋণগ্রহীতা প্রতিষ্ঠান মেসার্স ফিনিক্স লেদার কমপ্লেক্স (প্রাঃ) লিমিটেডের পরিচালক শেখ খাজাউদ্দিন গ্রেফতার হয়েছেন। প্রতিষ্ঠানটির ১৪২ কোটি ৬৫ লক্ষ ৯৫ হাজার টাকা আদায়ের লক্ষ্যে ১২-০১-২০২৩ তারিখে ঢাকার অর্থঋণ আদালত-১ এ অর্থজারী মোকদ্দমা নং- ১৭/২০২৩ দায়ের করে অগ্রণী ব্যাংক। উক্ত মামলায় বিজ্ঞ আদালত অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৪(১) ধারায় গত ২৫ মে ২০২৩ মেসার্স ফিনিক্স লেদার কমপ্লেক্স (প্রাঃ) লিমিটেডের চেয়ারম্যান মিসেস রওশন আরা রহমান গং দের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করে। এর পরিপ্রেক্ষিতে গত ২০ জুলাই ধানমন্ডি থানা পুলিশ প্রতিষ্ঠানটির পরিচালক শেখ খাজাউদ্দিনকে গ্রেফতার করে জেলহাজতে প্রেরণ করেন।

## ঋণ খেলাপি মিসেস হোসনে আরা আলম গ্রেফতার

রাষ্ট্রায়ত্ত অগ্রণী ব্যাংকের গ্রেফতারি পরোয়ানাভুক্ত খেলাপি ঋণগ্রহীতা মিসেস হোসনে আরা আলম কে গ্রেফতার করেছে পুলিশ। অগ্রণী ব্যাংকের প্রধান শাখার খেলাপি ঋণগ্রহীতা প্রতিষ্ঠান এন এন এ অটো রাইস মিলস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মিসেস হোসনে আরা আলম বর্তমানে জেল হাজতে রয়েছেন। ২০ আগস্ট ২০২৩ ধানমন্ডি থানা পুলিশ তাকে গ্রেফতার করে। প্রতিষ্ঠানটির ৩১ কোটি ১০ লক্ষ ৭৮ হাজার টাকা আদায়ের লক্ষ্যে ০১-১০-২০২০ তারিখে ঢাকার অর্থঋণ আদালত-১এ অর্থজারী মামলা নং- ৫২৪/২০২০ দায়ের করে অগ্রণী ব্যাংক।

উক্ত মামলায় বিজ্ঞ আদালত অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৪(১) ধারায় ৪ জন বিবাদীর বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেন। এর আগে একই প্রতিষ্ঠানের পরিচালক আশিক ইবনে আলম (পিতা এ কে এম খোরশেদ আলম) গ্রেফতার হন। গত ২০ জুলাই অগ্রণী ব্যাংকের ঢাকার বঙ্গবন্ধু এভিনিউ কর্পোরেট শাখার খেলাপি ঋণ গ্রহীতা প্রতিষ্ঠান মেসার্স ফিনিক্স লেদার কমপ্লেক্স (প্রাঃ) লিমিটেডের পরিচালক শেখ খাজাউদ্দিনকেও গ্রেফতার করে জেল হাজতে প্রেরণ করে পুলিশ।

## ঋণ খেলাপি আসিক ইবনে আলম গ্রেফতার

খেলাপি ঋণ আদায়ে কঠোর আইনি পদক্ষেপ নিচ্ছে রাষ্ট্রায়ত্ত অগ্রণী ব্যাংক। প্রধান শাখার খেলাপি ঋণগ্রহীতা প্রতিষ্ঠান এন এন এ অটো রাইস মিলস লিমিটেডের পরিচালক আসিক ইবনে আলম গ্রেফতার হয়েছেন। প্রতিষ্ঠানটির ৩১ কোটি ১০ লক্ষ ৭৮ হাজার টাকা আদায়ের লক্ষ্যে ০১-১০-২০২০ তারিখে ঢাকার অর্থঋণ আদালত-১ এ অর্থজারী মামলা নং- ৫২৪/২০২০ দায়ের করে অগ্রণী ব্যাংক। উক্ত মামলায় বিজ্ঞআদালত অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৪(১) ধারায় ৪ জন বিবাদীর বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেন। এর পরিপ্রেক্ষিতে ধানমন্ডি থানা পুলিশ প্রতিষ্ঠানটির পরিচালক আসিক ইবনে আলম (পিতা এ কে এম খোরশেদ আলম) কে গ্রেফতার করে জেলহাজতে প্রেরণ করেন।

গত ২০ জুলাই ঢাকার বঙ্গবন্ধু এভিনিউ কর্পোরেট শাখার খেলাপি ঋণ গ্রহীতা প্রতিষ্ঠান মেসার্স ফিনিক্স লেদার কমপ্লেক্স (প্রাঃ) লিমিটেডের পরিচালক শেখ খাজাউদ্দিনকেও গ্রেফতার করা হয়।

## অগ্রণী ইক্যুইটি এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেডের চেয়ারম্যান মো. মুরশেদুল কবীর


মো. মুরশেদুল কবীর

অগ্রণী ব্যাংকের পুঁজিবাজার সংশ্লিষ্ট সাবসিডিয়ারি কোম্পানি অগ্রণী ইক্যুইটি এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেডের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত হয়েছেন অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর। অগ্রণী ব্যাংকের পরিচালনা পর্ষদের ৮৮৪তম সভায় তাকে চেয়ারম্যান হিসেবে নিয়োগ প্রদান করা হয়। এছাড়াও তিনি অগ্রণী এসএমই ফাইন্যান্সিং লিমিটেডের চেয়ারম্যান, অগ্রণী এক্সচেঞ্জ হাউজ লিমিটেড (সিঙ্গাপুর), অগ্রণী রেমিটেন্স হাউজ (মালয়েশিয়া), ইনভেস্টমেন্ট করপোরেশন অব বাংলাদেশ, পদ্মা ব্যাংক লিমিটেড ও প্রাইমারি ডিলারস বাংলাদেশ লিমিটেডের পরিচালক এবং বাংলাদেশ ফরেন এক্সচেঞ্জ ডিলার্স এসোসিয়েশনের (বাফেদা) সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য। মো. মুরশেদুল কবীর ২০২২ সালের ২৮ আগস্ট অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও হিসেবে যোগদান করেন। অগ্রণী ব্যাংকের যোগদানের পূর্বে তিনি সোনালী ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক পদে কর্মরত ছিলেন।

তিনি ১৯৮৮ সালে জনতা ব্যাংকে সিনিয়র অফিসার হিসেবে তার কর্মজীবন শুরু করেন। মো. মুরশেদুল কবীর ঢাকা বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতিতে এমএসএস ডিগ্রি ও মানবসম্পদ ব্যবস্থাপনাতে এমবিএ ডিগ্রি সম্পন্ন করেন।

# টেকসই আর্থিক প্রতিষ্ঠানের স্বীকৃতি পেল অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানী লিমিটেড



বাংলাদেশ ব্যাংকের বোর্ড রুমে পুরস্কার প্রদান অনুষ্ঠানে ফটোসেশনে বাংলাদেশ ব্যাংকের গভর্নরসহ অন্যান্যরা

টেকসই আর্থিক প্রতিষ্ঠানের স্বীকৃতি পেয়েছে অগ্রণী ব্যাংক লিমিটেডের শতভাগ মালিকানাধীন অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানী লিমিটেড। এ নিয়ে টানা দ্বিতীয়বার এই কৃতিত্ব অর্জন করল প্রতিষ্ঠানটি। ২৯ আগস্ট ২০২৩ কেন্দ্রীয় ব্যাংকের বোর্ড রুমে সাসটেইনেবিলিটি রেটিং ২০২২ পুরস্কার প্রদান অনুষ্ঠানে বাংলাদেশ ব্যাংকের গভর্নর আব্দুর রউফ তালুকদার অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানী লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মো. রফিকুল ইসলাম এবং হেড অব এসএমই ও সাসটেইনেবল ইউনিট প্রধান মো. মুজাহিদুল ইসলাম জোয়ারদারের হাতে সম্মাননা তুলে দেন।

এসময় বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর নূরুন নাহার, নির্বাহী পরিচালক মো. খুরশীদ আলমসহ ঊর্ধ্বতন নির্বাহীগণ উপস্থিত ছিলেন।

# শোকাবহ আগস্টের শেষ কর্মদিবসে দোয়া মাহফিল

শোকাবহ আগস্টের মাসব্যাপী কর্মসূচির সমাপনীতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগস্ট নিহতদের আত্মার মাগফিরাত কামনায় অগ্রণী ব্যাংকে মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। ৩১ আগস্ট ২০২৩ বাদ যোহর ব্যাংকের প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় নামাজ ঘরে এ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। এসময় মহাব্যবস্থাপক (এইচআরপিডিওডি) মো. আমিনুল হক, ঊর্ধ্বতন নির্বাহীগণ, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ও বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।




প্রধান কার্যালয়ের নামাজ ঘরে অনুষ্ঠিত দোয়া মাহফিলের একাংশ

## চুক্তি

# জাতীয় পেনশন কর্তৃপক্ষের সঙ্গে সমঝোতা চুক্তি



অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এই সমঝোতা স্মারক অনুষ্ঠানের ফটোসেশন

সর্বজনীন পেনশন স্কিম বাস্তবায়নে অগ্রণী ব্যাংকের মাধ্যমে যাবতীয় ফি, চার্জ ও মাসিক কিস্তি আদায়ে অগ্রণী ব্যাংক ও জাতীয় পেনশন কর্তৃপক্ষের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ২৬ সেপ্টেম্বর ২০২৩ অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এই সমঝোতা স্মারক অনুষ্ঠানে প্রধান অতিথি অর্থ সচিব ড. মো. খায়েরুজ্জামান মজুমদারের উপস্থিতিতে অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর ও জাতীয় পেনশন কর্তৃপক্ষের চেয়ারম্যান ও অর্থ বিভাগের অতিরিক্ত সচিব কবিরুল ইজদানী খান সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

এই সমঝোতা স্মারকের ফলে অগ্রণী ব্যাংকের মাধ্যমে দেশের সকল উপযুক্ত নাগরিকগণ সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা আইন, ২০২৩ অনুযায়ী বিভিন্ন স্কিমের যাবতীয় ফি, চার্জ ও মাসিক কিস্তি ডিজিটাল পদ্ধতিতে সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা সিস্টেম (UPENSION) এর মাধ্যমে জমা দিতে পারবেন। অনুষ্ঠানে প্রবিধি ও অনুবিভাগের অতিরিক্ত সচিব বিলকিস জাহান রিমি, অর্থ বিভাগের যুগ্মসচিব মুহাম্মদ মনজুরুল হক ও মনির হোসেন চৌধুরী, অগ্রণী ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক শ্যামল কৃষ্ণ সাহাসহ মন্ত্রণালয় ও ব্যাংকের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## শাখা উদ্বোধন

# মেহেরপুরে কোমরপুর শাখা উদ্বোধন



কোমরপুর শাখা উদ্বোধন করেছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি

ব্যাংকিং সেবা আরও সম্প্রসারিত করার লক্ষ্যে মেহেরপুরের মুজিবনগর উপজেলায় অগ্রণী ব্যাংকের কোমরপুর শাখা নামে ব্যাংকের ৯৭২তম নতুন একটি শাখা উদ্বোধন করা হয়েছে। ৭ সেপ্টেম্বর ২০২৩ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নতুন এই শাখাটি উদ্বোধন করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি। অনুষ্ঠানে সম্মানিত অতিথি ছিলেন অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর।

অগ্রণী ব্যাংকের খুলনা সার্কেলের মহাব্যবস্থাপক মো. নুরুল হুদার সভাপতিত্বে অনুষ্ঠানে ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক শ্যামল কৃষ্ণ সাহা, মেহেরপুরের জেলা প্রশাসক মো. শামীম হাসান, পুলিশ সুপার মো. রাফিউল আলম, পিপিএম-সেবা, স্থানীয় জনপ্রতিনিধিগণ, গণ্যমান্য ব্যক্তিবর্গ, সম্মানিত গ্রাহকগণ উপস্থিত ছিলেন। এসময় জনপ্রশাসন প্রতিমন্ত্রী তার বক্তব্যে কোমরপুরে নতুন শাখা স্থাপন করায় অগ্রণী ব্যাংক কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

## চট্টগ্রাম সার্কেলে ঋণ আদায় বিষয়ক সভা




চট্টগ্রাম সার্কেলে ঋণ আদায় বিষয়ক পর্যালোচনা সভা

অগ্রণী ব্যাংকের চট্টগ্রাম সার্কেলে মামলাধীন ঋণসমূহের আদায় অগ্রগতি বিষয়ক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। ২১ জুলাই ২০২৩ চট্টগ্রাম সার্কেল সচিবালয়ে আয়োজিত এ সভার প্রধান অতিথি ছিলেন অগ্রণী ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক তানজিনা ইসমাইল। বিশেষ অতিথি ছিলেন অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর। চট্টগ্রাম সার্কেল মহাব্যবস্থাপক এনামুল মাওলার সভাপতিত্বে সভায় ব্যাংকের সার্বক্ষণিক আইন উপদেষ্টা মুহাম্মদ আলতাফ হোসাইন, সার্কেলাধীন সকল নির্বাহী, কর্পোরেট শাখা প্রধান, অঞ্চল প্রধান ও শাখা ব্যবস্থাপকগণ, ঋণ ও আইন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এসময় ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর ব্যাংকের ঋণ আদায়সহ ২০২৩ সালে ব্যাংকটিকে আরও এগিয়ে নিয়ে যাবার লক্ষ্যে আর্থিক সূচকসমূহের অধিক প্রবৃদ্ধি অর্জন, আমদানি, রপ্তানি, রেমিট্যান্স অর্জন বৃদ্ধিসহ সম্মানিত গ্রাহকগণকে অধিক সেবা প্রদানের মাধ্যমে প্রাতিষ্ঠানিক সুনাম অর্জন ও সর্বক্ষেত্রে অগ্রণীর অগ্রযাত্রা অব্যাহত রাখার প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন।

## খুলনা সার্কেলে ঋণ আদায় বিষয়ক সভা



খুলনা সার্কেলে ঋণ আদায় বিষয়ক মতবিনিময় সভা বামে শ্যামল কৃষ্ণ সাহা, মো. আনোয়ারুল ইসলাম,
বিশ্বজিৎ ভট্টাচার্য খোকন, এনডিসি, ওয়াহিদা বেগম ও রেজিনা পারভীন

অগ্রণী ব্যাংকের খুলনা সার্কেলে খেলাপি ঋণসমূহের আদায় অগ্রগতি বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। ২১ ও ২২ জুলাই ২০২৩ যশোর ও খুলনায় অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন অগ্রণী ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক বিশ্বজিৎ ভট্টাচার্য খোকন, এনডিসি। বিশেষ অতিথি ছিলেন অগ্রণী ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক ওয়াহিদা বেগম, মো. আনোয়ারুল ইসলাম, শ্যামল কৃষ্ণ সাহা ও রেজিনা পারভীন। খুলনা সার্কেলের উপমহাব্যবস্থাপক মো. মাহবুবুর রহমানের সভাপতিত্বে সভায় সার্কেলাধীন সকল নির্বাহী, কর্পোরেট শাখা প্রধান, অঞ্চল প্রধান, শাখা ব্যবস্থাপকগণ এবং ঋণ ও আইন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

সভা দুটিতে বক্তারা ঋণ আদায়সহ আর্থিক সূচকসমূহের অধিক প্রবৃদ্ধি অর্জন, আমদানি, রপ্তানি, রেমিট্যান্স অর্জন বৃদ্ধিসহ সর্বক্ষেত্রে অগ্রণীর অগ্রযাত্রা অব্যাহত রাখার প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন।

## পরিচালনা পর্ষদের সঙ্গে সিনিয়র ম্যানেজমেন্ট টিমের সভা



পরিচালনা পর্ষদের সঙ্গে সিনিয়র ম্যানেজমেন্ট টিমের প্রথম পর্যালোচনা সভার একাংশ

অগ্রণী ব্যাংক লিমিটেডের পরিচালনা পর্ষদের সঙ্গে সিনিয়র ম্যানেজমেন্ট টিমের (এসএমটি) প্রথম পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। ১৪ সেপ্টেম্বর ২০২৩ প্রধান কার্যালয়ের বোর্ড রুমে অনুষ্ঠিত এই সভায় সভাপতিত্ব করেন অগ্রণী ব্যাংকের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ড. জায়েদ বখ্ত। এসময় অগ্রণী ব্যাংকের পরিচালকবৃন্দ ও ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর উপস্থিত ছিলেন। এছাড়াও উপব্যবস্থাপনা পরিচালকগণ, সিনিয়র ম্যানেজমেন্ট টিমের সদস্যগণ সভায় অংশ নেন। এসময় পরিচালনা পর্ষদের পক্ষ থেকে ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার সার্বিক কার্যকারিতা পর্যালোচনাসহ প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়।

# ট্রেনিং ও কর্মশালা

## ক্রেডিট অপারেশন ও ক্রেডিট ম্যানেজমেন্ট বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি



এবিটিআই আয়োজিত ঋণের উপর প্রশিক্ষণ কর্মসূচির ফটোসেশনে
অগ্রণী ব্যাংকের প্রশিক্ষণার্থীদের সাথে ঊর্ধ্বতন নির্বাহীবৃন্দ

অগ্রণী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট (এবিটিআই) কর্তৃক আয়োজিত ক্রেডিট অপারেশন ও ক্রেডিট ম্যানেজমেন্ট বিষয়ক ৫ দিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচি শুরু হয়েছে। ২৩ জুলাই ২০২৩ সকালে এবিটিআই-এ অনুষ্ঠিত এই কর্মসূচির উদ্বোধন ও সেশন পরিচালনা করেন অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর। এসময় তিনি সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নসহ নতুন নতুন উদ্যোক্তা তৈরি, ঋণ বিতরণ এবং ঋণ আদায়ের উপর প্রশিক্ষণার্থীদের বিশেষ দিক নির্দেশনা প্রদান করেন। উক্ত কর্মসূচিতে আরও উপস্থিত ছিলেন মহাব্যবস্থাপক(এইচআরপিডিওডি) মো. আমিনুল হক। উপমহাব্যবস্থাপক ও এবিটিআই-এর পরিচালক মো. রেজাউল করিমের সভাপতিত্বে কর্মসূচিতে বিভিন্ন শাখার ৬২ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

# সাইবার নিরাপত্তা ঝুঁকি এবং করণীয় বিষয়ক কর্মশালা



এবিটিআই আয়োজিত সাইবার নিরাপত্তা ঝুঁকি এবং করণীয় বিষয়ক কর্মশালার একাংশ

অগ্রণী ব্যাংকে সাইবার নিরাপত্তা ঝুঁকি এবং করণীয় বিষয়ক কর্মশালা ১২ আগস্ট ২০২৩ অগ্রণী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউটে (এবিটিআই) অনুষ্ঠিত হয়েছে। এবিটিআই এবং আইটি এন্ড এমআইএস ডিভিশন কর্তৃক আয়োজিত এই কর্মশালার উদ্বোধন করেন অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর।

এসময় উপস্থিত ছিলেন উপব্যবস্থাপনা পরিচালক ওয়াহিদা বেগম, মো. আনোয়ারুল ইসলাম, শ্যামল কৃষ্ণ সাহা ও রেজিনা পারভীন, মহাব্যবস্থাপকগণ, উপমহাব্যবস্থাপকবৃন্দ এবং ঊর্ধ্বতন নির্বাহীগণ। কর্মশালায় সেশন পরিচালনা করেন বাংলাদেশ ব্যাংকের চীফ ইনফরমেশন সিকিউরিটি অফিসার মুহাম্মদ ইসহাক মিয়া ও ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি ডিপার্টমেন্টের যুগ্ম পরিচালক এস এম তোফায়েল আহমদ।

# সিআইবি রিপোর্টিং বিষয়ক কর্মশালা



১৯ আগস্ট এবিটিআই আয়োজিত সিআইবিরিপোর্টিং বিষয়ক কর্মশালায় প্রশিক্ষণার্থীদের সাথে ব্যাংকের নির্বাহীবৃন্দ

অগ্রণী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট (এবিটিআই) ও আইটি এন্ড এমআইএস ডিভিশন কর্তৃক আয়োজিত Challenges in CIB Reporting, Action Plan & it's Remedies শীর্ষক প্রকর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ৯ সেপ্টেম্বর এবিটিআইয়ে অনুষ্ঠিত এই কর্মশালার উদ্বোধন ও সেশন পরিচালনা করেন অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর।

এছাড়াও সেশন পরিচালনা করেন বাংলাদেশ ব্যাংকের অতিরিক্ত পরিচালক মো. আনিসুর রহমান, অগ্রণী ব্যাংকের মহাব্যবস্থাপক ও চীফ ইনফরমেশন টেকনোলজি অফিসার মো. শাহীনূর রহমান, আইটি এন্ড এমআইএস ডিভিশনের উপমহাব্যবস্থাপক (সিআইবি) শাহীনুর বেগম। কর্মশালায় বিভিন্ন শাখার ৭৮ জন কর্মশালায় প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

# সিআইবি রিপোর্টিং বিষয়ক কর্মশালা



৯ সেপ্টেম্বর এবিটিআই আয়োজিত সিআইবি রিপোর্টিং বিষয়ক কর্মশালার একাংশ

অগ্রণী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট (এবিটিআই) ও আইটি এন্ড এমআইএস ডিভিশন কর্তৃক আয়োজিত Challenges in CIB Reporting, Action Plan & it's Remedies শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ৯ সেপ্টেম্বর এবিটিআইয়ে অনুষ্ঠিত এই কমর্শলার উদ্বোধন ও সেশন পরিচালনা করেন অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর। এছাড়াও সেশন পরিচালনা করেন বাংলাদেশ ব্যাংকের অতিরিক্ত পরিচালক মো. আনিসুর রহমান, অগ্রণী ব্যাংকের মহাব্যবস্থাপক ও চীফ ইনফরমেশন টেকনোলজি অফিসার মো. শাহীনূর রহমান, আইটি এন্ড এমআইএস ডিভিশনের উপমহাব্যবস্থাপক (সিআইবি) শাহীনুর বেগম। কর্মশালায় বিভিন্ন শাখার ৮৮ জন কর্মশালায় প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

# ইন্টিগ্রেটেড সুপারভিশন সিস্টেম বিষয়ক কর্মশালা



এবিটিআই ও এমআইএস এন্ড সিআইবিআয়োজিত কর্মশালা অনুষ্ঠানে বাংলাদেশ ব্যাংকের আইএসএমডি অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও, সিআইটি ও সিআইবিসহ প্রশিক্ষণার্থীরা

অগ্রণী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট (এবিটিআই) ও আইটি এন্ড এমআইএস ডিভিশন (এমআইএস এন্ড সিআইবি) কর্তৃক আয়োজিত Integrated Supervision System (ISS) শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ১৬ সেপ্টেম্বর ২০২৩ এবিটিআইয়ে অনুষ্ঠিত এই কমর্শলার উদ্বোধন ও সেশন পরিচালনা করেন অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর। এছাড়াও সেশন পরিচালনা করেন বাংলাদেশ ব্যাংকের যুগ্ম পরিচালক (আইএসএমডি) রোমান আহমেদ, অগ্রণী ব্যাংকের মহাব্যবস্থাপক (সিআইটিও) মো. শাহীনূর রহমান, আইটি এন্ড এমআইএস ডিভিশনের উপমহাব্যবস্থাপক (সিআইবি) শাহীনুর বেগম। এসময় এবিটিআইয়ের পরিচালক ও উপমহাব্যবস্থাপক মো. রেজাউল করিমসহ কো-অর্ডিনেটরগণ উপস্থিত ছিলেন। কর্মশালায় বিভিন্ন শাখার ৫৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

# ৫ দিনব্যাপি প্রশিক্ষণ কর্মশালা



এবিটিআই আয়োজিত শাখা ব্যবস্থাপকদের ৫ দিনের প্রশিক্ষণ কর্মশালায়
অগ্রণী ব্যাংকের চেয়ারম্যানসহ অন্যান্যরা

অগ্রণী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট (এবিটিআই) কর্তৃক আয়োজিত ১৭ সেপ্টেম্বর ২০২৩ ডেভেলপমেন্ট অব লিডারশিপ কোয়ালিটি অব ব্রাঞ্চ ম্যানেজমেন্ট শীর্ষক ৫ দিনব্যাপি প্রশিক্ষণ কর্মশালা শুরু হয়েছে। অগ্রণী ব্যাংকের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ড. জায়েদ বখ্ত প্রধান অতিথি হিসেবে এই প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনের পাশাপাশি ট্রেনিং সেশন পরিচালনা করেন। এসময় তিনি দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে ব্যাংকিং সেক্টরের ভূমিকা নিয়ে আলোচনা করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপব্যবস্থাপনা পরিচালক মো. আনোয়ারুল ইসলাম। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন এবিটিআই-এর পরিচালক ও উপমহাব্যবস্থাপক মো. রেজাউল করিম। কর্মশালায় অগ্রণী ব্যাংকের বিভিন্ন শাখার ব্যবস্থাপক ও কর্মকর্তাগণ অংশগ্রহণ করছেন।

# ‘ডেভেলপমেন্ট অব লিডারশিপ কোয়ালিটি অব ব্রাঞ্চ ম্যানেজমেন্ট’ শীর্ষক প্রশিক্ষণ কর্মশালায় প্রশিক্ষণার্থীদের সনদপত্র প্রদান



এবিটিআই আয়োজিত শাখা ব্যবস্থাপকদের ৫ দিনের প্রশিক্ষণ কর্মশালার সনদপত্র প্রদান অনুষ্ঠানে
অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইওসহ অন্যান্যরা

অগ্রণী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট (এবিটিআই) কর্তৃক আয়োজিত ‘ডেভেলপমেন্ট অব লিডারশিপ কোয়ালিটি অব ব্রাঞ্চ ম্যানেজমেন্ট’ শীর্ষক ৫ দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার সমাপনী অনুষ্ঠিত হয়েছে। ২১ সেপ্টেম্বর ২০২৩ সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের হাতে সনদপত্র তুলে দেন অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মহাব্যবস্থাপক (এইচআরপিডিওডি) মো. আমিনুল হক । অনুষ্ঠানের সভাপতিত্ব করেন এবিটিআই-এর পরিচালক ও উপমহাব্যবস্থাপক মো. রেজাউল করিম। কর্মশালাটিতে অগ্রণী ব্যাংকের বিভিন্ন শাখার শাখা ব্যবস্থাপক ও কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

# পুরস্কার

## এপিএ চুক্তি বাস্তবায়নে অগ্রণী ব্যাংকের দ্বিতীয় স্থান অর্জন

২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নে অগ্রণী ব্যাংক লিমিটেড অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর মধ্যে দ্বিতীয় স্থান অর্জন করেছে। ২৫ জুন আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সভাকক্ষে ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুষ্ঠানে এ ঘোষণা দেওয়া হয়। অনুষ্ঠানে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীরের হাতে সম্মাননা ক্রেস্ট ও সনদ তুলে দেন।



১৯ আগস্ট এবিটিআই আয়োজিত সিআইবি রিপোর্টিং বিষয়ক কর্মশালার একাংশ

এসময় আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব অমল কৃষ্ণ মন্ডল ও মো. আজিমুদ্দিন বিশ্বাস, এনডিসি, যুগ্ম সচিব ও মন্ত্রণালয়ের এপিএ সমন্বয়কারী মাকসুমা আকতার বানু, অগ্রণী ব্যাংকের মহাব্যবস্থাপক (সিআরও) মোহাম্মদ দীদারুল ইসলাম, এফসিএ সহ মন্ত্রণালয় ও বিভিন্ন ব্যাংকের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

# পদোন্নতি

## উপমহাব্যবস্থাপক পদে ৪ জনের পদোন্নতি

অগ্রণী ব্যাংক কর্তৃপক্ষ ১১ জুলাই ২ জন, ২৩ জুলাই ১ জন এবং ১২ সেপ্টেম্বর ১ জনসহ মোট ৪ জন সহকারী মহাব্যবস্থাপককে উপমহাব্যবস্থাপক পদে পদোন্নতি প্রদান পূর্বক নতুন কর্মস্থলে পদায়ন করা হয়। পদোন্নতিপ্রাপ্তগণ এবং তাদের বর্তমান কমস্থল হচ্ছে সুমন কান্তি পাল (শাখা প্রধান, গ্রীন রোড কর্পোরেট শাখা, ঢাকা), মোহাম্মদ আনোয়ার হোসেন (অঞ্চল প্রধান, আঞ্চলিক কার্যালয়, মুন্সিগঞ্জ), নীলাঞ্জনা চাকমা (মহাব্যবস্থাপকের কার্যালয়, ঢাকা সার্কেল-১, ঢাকা), মোহা: বদরুজ্জামান (অঞ্চল প্রধান, আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর)।

## সহকারী মহাব্যবস্থাপক পদে ৬ জনের পদোন্নতি

অগ্রণী ব্যাংক কর্তৃপক্ষ ১১ জুলাই ৪ জন, ২৩ জুলাই ১ জন এবং ১২ সেপ্টেম্বর ১ জনসহ মোট ৬ জন সিনিয়র প্রিন্সিপাল অফিসারকে সহকারী মহাব্যবস্থাপক পদে পদোন্নতি প্রদান পূর্বক নতুন কর্মস্থলে পদায়ন করেছেন। পদোন্নতিপ্রাপ্তরা হলেন বিশ্বজিত দাস (শাখা প্রধান, ফার্মগেট শাখা, ঢাকা), মো. মাহবুবুল ইসলাম (ইন্টারন্যাশনাল ট্রেড এন্ড ফরেন কারেন্সী ম্যানেজমেন্ট ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা), তারেক মো. রহমত উল্লাহ (বনানী কর্পোরেট শাখা, ঢাকা), মো. ওয়ালিদ ইকবাল (হোটেল ইন্টারকন্টিনেন্টাল কর্পোরেট শাখা, ঢাকা ), মো. শামীম শাহরিয়ার (ল' ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা), মো. কবিরুল ইসলাম রহিম (অডিট এন্ড ইন্সপেকশন ডিভিশন-১, প্রধান কার্যালয়, ঢাকা)।

## সহকারী মহাব্যবস্থাপক পদে ৬ জনের পদোন্নতি ও পদায়ন

ব্যাংকের স্বার্থে অধিকতর অবদান রাখার লক্ষ্যে কর্তৃপক্ষ ৩১ জুলাই ১০ জনকে সিনিয়র প্রিন্সিপাল অফিসার, ১০ জনকে প্রিন্সিপাল অফিসার, ৩ জনকে সিনিয়র অফিসার, ৩১ আগষ্ট ৮ জনকে সিনিয়র প্রিন্সিপাল অফিসার, ১২ জনকে প্রিন্সিপাল অফিসার, ৩ জনকে সিনিয়র অফিসার এবং ২৭ সেপ্টেম্বর ৬ জনকে সিনিয়র প্রিন্সিপাল অফিসার, ৭ জনকে প্রিন্সিপাল অফিসার পদে পদোন্নতি প্রদান পূর্বক নতুন কর্মস্থলে পদায়ন করা হয়।

# চলে গেলেন যারা

জুলাই- সেপ্টেম্বর কোয়ার্টারে বিভিন্ন রোগ-ব্যাধিতে আক্রান্ত হয়ে ১০ জন অগ্রণীয়ান পরলোকগমন করেছেন

নাম ও পদবী -জি.এম. আবদুল্লাহ-আল-মতি, সিনিয়ার অফিসার
যোগদান -২০১৩ সাল
মৃত্যু তারিখ -১৬-৭-২০২৩
মৃত্যুর কারন -হার্ট অ্যাটাক
শেষ কর্মস্থল -খানজাহান আলী রোড শাখা, খুলনা

নাম ও পদবী -মো. আব্দুর রব, কেয়ারটেকার-১
যোগদান -১৯৮৯ সাল
মৃত্যু তারিখ -২৯-০৭-২০২৩
মৃত্যুর কারন -হার্ট অ্যাটাক
শেষ কর্মস্থল -প্রকিউরমেন্ট অ্যান্ড কমন সার্ভিসেস ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকায়

নাম ও পদবী -মো. আনজারুল ইসলাম, প্রিন্সিপাল অফিসার
যোগদান -১৯৮৫ সাল
মৃত্যু তারিখ -০২-০৮-২০২৩
মৃত্যুর কারন -হার্ট অ্যাটাক
শেষ কর্মস্থল -পিংনা শাখা, জামালপুরে

নাম ও পদবী -মো. গোলাম মোস্তফা, কেয়ারটেকার-২
যোগদান -২০১২ সাল
মৃত্যু তারিখ -০৩-০৮-২০২৩
মৃত্যুর কারন -স্ট্রোক
শেষ কর্মস্থল -আমিনকোর্ট কর্পোরেট শাখা, ঢাকা

নাম ও পদবী -মো. আবু তালেব, অফিসার
যোগদান -১৯৮৮ সাল
মৃত্যু তারিখ -০৩-০৮-২০২৩
মৃত্যুর কারন -ব্রেইন স্ট্রোক
শেষ কর্মস্থল -হাশিমপুর শাখা, যশোর

নাম ও পদবী -মো. ফজলুল হক, অফিসার (ক্যাশ)
যোগদান -২০১৫ সাল
মৃত্যু তারিখ -১২-০৮-২০২৩
মৃত্যুর কারন -কোলন ক্যান্সার
শেষ কর্মস্থল -আলমনগর শাখা, রংপুর

নাম ও পদবী -মো. রেজাউল করিম, অফিসার
যোগদান -১৯৯৩ সাল
মৃত্যু তারিখ -২১-০৮-২০২৩
মৃত্যুর কারন -হার্ট অ্যাটাক
শেষ কর্মস্থল -আঞ্চলিক কার্যালয়, ঝিনাইদহ

নাম ও পদবী -আবু জাফর আলী, সিনিয়ার অফিসার
যোগদান -২০১১ সাল
মৃত্যু তারিখ -২৬-০৮-২০২৩
মৃত্যুর কারন -লিভার কিডনী ও ডায়াবেটিক রোগের জটিলতা
শেষ কর্মস্থল -আঞ্চলিক কার্যালয়, গাইবান্ধা

নাম ও পদবী -মো. ওয়ালিউর রহমান, অফিসার
যোগদান -২০১২ সাল
মৃত্যু তারিখ -২৯-০৮-২০২৩
মৃত্যুর কারন -খাদ্যনালীতে টিউমার
শেষ কর্মস্থল -ফেঞ্চুগঞ্জ শাখা, সিলেট

নাম ও পদবী -মো. শাহ আলম, সিনিয়ার অফিসার
যোগদান -২০১১ সাল
মৃত্যু তারিখ -১৪-০৯-২০২৩
মৃত্যুর কারন -হার্ট অ্যাটাক
শেষ কর্মস্থল -রায়পুর শাখা, লক্ষীপুর

নাম ও পদবী -মো. ইদ্রিস আলী, কেয়ারটেকার-১
যোগদান -১৯৮৯ সাল
মৃত্যু তারিখ -২২-০৯-২০২৩
মৃত্যুর কারন -লিভার ক্যান্সার
শেষ কর্মস্থল -ফরিদপুর শাখা, ফরিদপুর

মৃত্যুর পূর্ব পর্যন্ত নিজ দায়িত্বের প্রতি অবিচল থেকে ব্যাংকিং সেবা দিয়ে গেছেন। অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর, এবং সকল নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারী এমন মেধাবী, সৎ, দক্ষ ও পরিশ্রমী কর্মকর্তাদের হারিয়ে গভীর শোক প্রকাশ করেছেন।

# শোকবার্তা

অগ্রণী ব্যাংক লিমিটেডের পরিচালনা পর্ষদের সম্মানিত পরিচালক এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)-এর যুগ্ম সচিব জনাব মোহাম্মদ মাসুদ রানা চৌধুরীর মমতাময়ী মা বার্ধক্য জনিত কারণে কুমিল্লাস্থ নিজ বাসভবনে গত ১০/০৯/২০২৩ তারিখ বিকাল ৩.৪০ মিনিটে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তিনি তিন ছেলে ও তিন মেয়েসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন। অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. মুরশেদুল কবীর, এবং সকল নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারী গভীর শোক প্রকাশ করেছেন।

## চন্দ্র - সূর্য

মোহাম্মদ আবুল কাশেম

চন্দ্র বলে, সূর্যি মামা---
তোমার আলোয় নাকি?
জ্বলছি আমি সারাজীবন জানতে কি কেউ বাকি?

সৃষ্টি যিনি করছেন আমায়
দারুণ তোমায়, কি মমতায়!
শুকরিয়া তাঁর করি----

সৃষ্টি সেবায় আছেন যারা
আমরা দুজন তাঁদের সেরা
আছি জনম ভরে....

আমরা যদি না দেই আলো দেখবে জগৎ সবই কালো
জনম, জনম ধরি....

মোরা শুকরিয়া তাঁর করি সবাই খোদার স্মরণ করি

সহকারি মহাব্যবস্থাপক
পাবলিক রিলেশন ডিভিশন

## "আমার আমি"

মো. জিয়াউদ্দিন

আমার আমি কে খুঁজি আমি সবার ভীড়ের মাঝে,
সবার ভীড়ে থেকেও আমি একা আমার নীড়ে।

গল্প সাজাই নীড়ে মোরা যে যার মতোন করে,
যতন করে পুষে রাখি নীরব স্মৃতির তরে।

মনের রঙে রঙিন রাখি আমার প্রিয় মুখ
আগ বাড়িয়ে বলবেনা কেউ তোমার কিসের দুখ?

দুঃখ সুখের দোলাচালে সাজাই জীবন মোরা
হতাশ হয়ে বলোনা কেউ আমার কপাল পোড়া।

পোড়াকপাল, পোড়াকপাল দুঃখ করে লাভ নেই,
লাভের হিসেব না করে মোরা নিজের কাজে মন দেই।

মনের খবর রাখেনা কেউ কাজের খবর রাখে,
খবর রেখে কি হবে আর কেউ তো থাকেনা সাথে।

কেউ থাকেনা কেউ থাকেনা থাকি শুধু আমি
তাই সবার মাঝেই খুঁজে ফিরি আমার আমি।

সিনিয়র অফিসার
অডিট কমপ্লায়েন্স ডিভিশন (ইন্টারনাল)

# Honoring the exporters-2022 অনুষ্ঠান












HONORING THE EXPORTERS 2022
WELCOME
TO THE


HONORING THE EXPORTERS 2022


Chaired By
Mr. Md. Murshedul Kabir
Managing Director & CEO, Agrani Bank Limited


HONORING THE EXPORTERS 2022
WELCOME
TO THE


HONORING THE EXPORTERS 2022
Agrani Bank Limited
Roland